

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ بُجَيْرٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا اللَّيْتُ بْنُ سَعْدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلَانَ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْقُوبَ مَوْلَى الْحُرَقَةِ أَنَّهُ قَالَ: مَنْ مُحَمَّدِ بْنِ عَجْدَاللَّهُ وَلَاتُ عَلَى أَنسِ بْنِ مَالِكَ وَصَاحِبٌ لِي بَعْدَ الظُّهْرِ فَقَالَ: أَصَلَّيْتُمُ الْعَصْرُ؟ قَالَ: فَقُلْنَا: لَا قَالَ: فَصَلِّينَا عِنْدَنَا فِي الْحُجْرَةِ فَفَرَغْنَا وَطَوَّلَ هُو وَانْصَرَفَ إِلَيْنَا فَكَانَ أَوَّلَ مَا كَلَّمَنَا بِهِ أَنْ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: "تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِينَ يَقْعُدُ أَحَدُهُمْ حَتَّى إِذَا كَانَتْ عَلَى قَرْنِ الشَّيْطَانِ أَوْ بَيْنَ قَرْنَى الشَّيْطَانِ قَامَ فَنَقَرَ أَرْبَعًا لَا يَذْكُرُ اللَّهَ فيها إلا قليلا".

الراوي: الْعَلَاء بْن عَبْدِ الرَّحْمَنِ عَنِ أَنسِ بْنِ مَالِكٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 263 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬৩. 'আলা বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ও আমার এক সঙ্গী যোহরের পর আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট গেলাম। তিনি আমাদের বললেন: "আপনারা কি আসরের সালাত আদায় করেছেন?''রাবী বলেন, আমরা বললাম: "জ্বী, না।" তিনি বললেন: "আপনারা হুজরায় আমাদের নিকট সালাত আদায় করে নিন।" অতঃপর আমরা সালাত শেষ করলাম। আর তিনি সালাত অনেক দীর্ঘ করলেন। তারপর তিনি আমাদের দিকে মুখ ফিরিয়ে প্রথম যা বললেন, তা হলো: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এটি মুনাফিকের সালাত। কোন ব্যক্তি (সালাত আদায় না করে) বসে থাকে এমনকি সূর্য যখন শয়তানের দুই শিংয়ের মাঝখানে অথবা উপরে অবস্থান করে, তখন সে ব্যক্তি দাঁড়িয়ে যায় অতঃপর চারটি ঠোকর দেয় আর তাতে খুব কমই আল্লাহকে স্মরণ করে।"[1]



ফুটনোট

[1] আত তায়ালিসী: ২১৩০; মুসনাদ আহমাদ: ৩/১০২; সুনান আদ দারাকুতনী: ১/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: 88১।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন